

৩.২ কালার ব্রয়লার মুরগির রেশন সারণি-২ এ দেয়া হলো-  
সারণি-৩ঃ

উপাদান	ষ্টার্টার ফিড (০-১৮দিন)	গ্রোয়ার ফিড (১৯-৩২ দিন)	ফিনিশার ফিড (৩৩-৪৯ দিন)
ভূট্টা (ভাঙ্গা)	৫১.২০	৫৩.৪০	৫৪.৫০
কুড়া	১০.০০	১০.০০	১১.০০
সয়াবিন মিল	২৮.০০	২৫.৪০	২৪.০০
প্রোটিন কনসেন্ট্রেট	৬.০০	৬.০০	৫.০০
সয়াবিন তেল	২.০০	২.৫০	৩.০০
লাইমস্টোন	১.৩০	১.২৭	১.২০
ডিসিপি	০.৩৫	০.৩০	০.২৪
লবণ	০.৩৫	০.৩৫	০.৩৫
প্রিমিক্স	০.২৫	০.২৫	০.২৫
লাইসিন	০.১০	০.১০	০.১০
ডিএল-মিথিওনিন	০.২০	০.১৮	০.১৬
টক্সিন বাইন্ডার	০.১৫	০.১৫	০.১৫
প্রোবায়োটিক	০.০৫	০.০৫	০.০৫
কক্সিডিওস্ট্যাট মোট	১০০.০০	১০০.০০	১০০.০০

৩.৩ খাদ্যের উৎসঃ বিশ্বাসযোগ্য, প্রতিষ্ঠিত ও সুনাম আছে এমন কোম্পানির খাদ্য  
খাওয়ানো যেতে পারে।

৪. জীব-নিরাপত্তাঃ

ক. খামারের ভিতরে বহিরাগতের যাতায়াত নিয়ন্ত্রণ করতে হবে। এক্ষেত্রে, খামারের  
প্রবেশ পথে “প্রবেশ নিষেধ” লেখা সাইনবোর্ড প্রদান করতে হবে।

খ. প্রতিবার খামারে প্রবেশের পূর্বে এবং খামার হতে বের হবার পূর্বে জীবাণুনাশক  
দিয়ে হাত ও পা এবং সম্ভব হলে সম্পূর্ণ শরীরে স্প্রে করতে হবে। এক্ষেত্রে,  
বাজারে প্রাপ্ত ভালমানের জীবাণুনাশক যেমন: সুরক্ষা, জিপিসি-৮, ফার্ম-৩০,  
ভিরকন-এস ব্যবহারের পরামর্শ দেয়া হলো।

গ. বন্য পাখি খামারের ভিতর প্রবেশ প্রতিরোধে পাখিতাড়ুয়া ব্যবহার করতে হবে।

ঘ. বর্জ্য পদার্থ, বিষ্ঠা, লিটার নিয়মিত পরিষ্কারসহ খামার স্বাস্থ্যসম্মত রাখতে হবে।

ঙ. খামারে কোন মুরগি অসুস্থ হলে দ্রুত সুস্থ মুরগি হতে আলাদা করে রাখতে হবে  
এবং মারা গেলে তা দ্রুত সরিয়ে মাটির নিচে পুঁতে ফেলতে হবে।

চ. খামারে জটিল সমস্যা দেখা দিলে অবশ্যই বিশেষজ্ঞের পরামর্শ নিতে হবে।

৫. টিকাদান কর্মসূচিঃ

বয়স (দিন)	রোগের নাম	টিকার নাম	প্রয়োগ মাত্রা	প্রয়োগ পদ্ধতি
৬	রাণিক্ষেত	বিসিআরডিভি	১ ফোটা ২ লিটার পানি/১০০ বাচ্চা	১ চোখ/ নাকে খাবার পানির মাধ্যমে
৮ - ১০	গামবোরো	গামবোরো	১ ফোটা ২ লিটার পানি/১০০ বাচ্চা	১ চোখ/ নাকে খাবার পানির মাধ্যমে
১৭	গামবোরো	গামবোরো	১ ফোটা ২ লিটার পানি/১০০ বাচ্চা	১ চোখ/ নাকে খাবার পানির মাধ্যমে
২০	রাণিক্ষেত	বিসিআরডিভি	১ ফোটা ২ লিটার পানি/১০০ বাচ্চা	১ চোখ/ নাকে খাবার পানির মাধ্যমে

৬. ৫০০ কালার ব্রয়লার মুরগি পালনে ব্যাচ প্রতি আর্থিক বিশ্লেষণ :

খাত সমূহ	টাকার পরিমাণ
খাত সমূহ	
ক. মূলধন জাতীয় ব্যয়	
ঘর	২০০০০০
খাবারপাত্র	১৪৪০
পানির পাত্র	৭২০
ক্রডার ও চিক গার্ড	৭১৬০
মোটঃ	২০৭১৬০
খ. পরিচালন ব্যয়	
বাচ্চা	১৭৫০০
খাবার	৩০০০০
ভ্যাকসিন	৫০০০
বিদ্যুৎ	১০০০
চালের কুড়া	২০০
মোটঃ	৫৩৭০০
গ. আয়	
৫০০ ব্রয়লার বিক্রি করে ব্যাচ প্রতি আয় (৪০০*১৭০)	৬৮০০০
ঘ. নিট মুনাফা (গ-খ)	(৬৮০০০-৫৩৭০০) = ১৪৩০০



রচনা, সম্পাদনা ও সংকলনে : মোঃ শাহরিয়ার হায়দার, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ  
এ. এম. ফরহাদুজ্জামান, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ  
সার্বিক তত্ত্বাবধানে : মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা

অর্থায়ন ও কারিগরি সহযোগিতায়



মৎস্য ও প্রাণিসম্পদ ইউনিট  
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)



# কালার ব্রয়লার মুরগি পালন

প্রকাশনায় ও প্রচারে



সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা  
সূবর্ণচর, নোয়াখালী

## ১. কালার ব্রয়লার মুরগি পালনের উদ্দেশ্যঃ

- ক) জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত সহিষ্ণু মুরগির জাত সম্প্রসারণ করা।  
খ) কালার ব্রয়লার মুরগির বাচ্চা সদস্য পর্যায়ে সহজলভ্য করা।

## ২. কালার ব্রয়লার মুরগি পালনের জন্য বাসস্থান তৈরিতে করণীয়ঃ

### ২.১ বাসস্থানঃ

ক. অপেক্ষাকৃত উচু স্থানে যেখানে পানি উঠে না সেখানে ঘর নির্মাণ করতে হবে

ছ. বাঁশের চাটাই দিয়ে ঘরের বেড়া ও টিন দিয়ে চালা দেয়া যেতে পারে

খ. মাচা পদ্ধতিতে কালার ব্রয়লার মুরগি পালন করতে হবে

চ. ঘরে পর্যাপ্ত আলো-বাতাস প্রবেশের ব্যবস্থা থাকতে হবে

গ. প্রতি ৫০০ টি মুরগির জন্য ১৭ হাত (২৫ ফুট) লম্বা এবং ১৪ হাত (২০ ফুট) চওড়া ঘরের প্রয়োজন

ঙ. ঘরের ভিতরে ভূমি হতে প্রায় ২ হাত (২.৫-৩.০ ফুট) উচ্চতায় মাচা নির্মাণ করতে হবে

ঘ. খামারের চারপাশে ২-৩ ফুট দূরত্বে বেড়া দিয়ে ঘিরে দিতে হবে যা বাফার এলাকা হিসেবে গণ্য হবে

### ২.২ বাচ্চা সংগ্রহঃ

ক. পিকেএসএফ এর সহযোগী সংস্থা পর্যায়ে স্থাপিত প্যারেন্টস্টক খামার থেকে অথবা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পোল্ট্রি ফার্ম থেকে একদিন বয়সী বাচ্চা সংগ্রহ করা যাবে

খ. বাচ্চা চঞ্চল ও নড়াচড়ায় স্বাভাবিক হবে

গ. বাচ্চা অন্ধ, ল্যাংড়া, দুর্বল, ডিমের ভিতরের বস্তু দ্বারা আবৃত হবে না

ঘ. বাচ্চার নাতী শুকনো এবং কুসুম থলি মুক্ত হবে


## ২.৩ খামারে বাচ্চা তোলা পূর্বে এবং পরে করণীয়ঃ

### ২.৩.১ বাচ্চা তোলা পূর্বে করণীয়ঃ

১. ঘর ভালভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে
২. ঘর ও লিটার জীবাণুনাশক (যেমন: ভিরকন-এস, সুরক্ষা ইত্যাদি) দিয়ে স্প্রে করতে হবে এবং স্প্রে মেশিন ও ফুটবাথে জীবাণুনাশক রাখতে হবে
৩. বাচ্চা উঠানোর ১২-২৪ ঘন্টা পূর্বে চিকগার্ডের ভিতরে ১ ইঞ্চি পরিমাণ উচু করে লিটার বিছিয়ে তাপ দেয়ার জন্য ব্রুডার/লাইট/হ্যারিকেন চালু রাখতে হবে
৪. তাপ দেয়ার জন্য সর্বোচ্চ ২৫০টি মুরগির বাচ্চার জন্য ১টি ব্রুডার দিতে হবে
৫. তাপমাত্রা পরিমাপের জন্য থার্মোমিটার রাখতে হবে
৬. ২৮-৩০ টি বাচ্চার জন্য ১ টি খাবারের পাত্র এবং ৫৫-৬০ টি বাচ্চার জন্য ১টি পানির পাত্র দিতে হবে। উল্লেখ্য, প্রতি ১৪ টি পূর্ণ বয়স্ক মুরগির জন্য ১ টি মাঝারি গোলাকার খাবার পাত্র এবং প্রতি ২৫-২৮ টি পূর্ণ বয়স্ক মুরগির জন্য ১ টি মাঝারি পানির পাত্র দিতে হবে

### ২.৩.২ বাচ্চা তোলা পরে করণীয়ঃ

- ক. ঘরে ঢোকানোর আগে হাত ধুতে হবে এবং ফুটবাথের জীবাণুনাশক মিশ্রিত পানিতে পা ডুবাতে হবে।
- খ. ধীরে সুস্থে ব্রুডারের চারপাশে বসানো ঘরের মধ্যে বাচ্চাগুলোকে ছেড়ে দিতে হবে। গরমের সময় দিনের বেলা তাপ না দিলেও চলে তবে শীতকালে দিনের বেলায়ও প্রয়োজন অনুসারে তাপ দিতে হতে পারে।
- গ. ব্রুডারে বাচ্চা ছাড়ার পরে চিত্র- ১, ২, ৩, ৪ অনুযায়ী তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে হবে।
- ঘ. বাচ্চাকে স্যালাইন ও ভিটামিন সি মিশ্রিত পানি ৫-৬ ঘন্টা খাওয়াতে হবে এবং স্টার্টার ক্রাম্বল ফিড দিতে হবে।



চিত্র-১: কম তাপমাত্রা চিত্র-২: আদর্শ তাপমাত্রা চিত্র-৩: অধিক তাপমাত্রা চিত্র-৪: অত্যধিক বায়ু প্রবাহ

থার্মোমিটার ছাড়াও ব্রুডারের তাপ সঠিক হয়েছে কিনা তা ব্রুডারে বাচ্চার অবস্থান এবং চলাফেরা দেখে পর্যবেক্ষণ করা যায়।

### ২.৩.৩ ব্রুডিং ব্যবস্থাপনাঃ

একদিন বয়সের বাচ্চাকে ৭-১০ দিন বয়স পর্যন্ত কৃত্রিম উপায়ে তাপ প্রদান করে পালন করাকে ব্রুডিং বলে।

### ২.৩.৩.১ তাপমাত্রা ও আলোক ব্যবস্থাপনাঃ

সারণি-১ অনুযায়ী কালার ব্রয়লার মুরগির ঘরে তাপমাত্রা ও আলোক নিয়ন্ত্রণ করতে হবে।

#### সারণি-১ঃ

বয়স (সপ্তাহ)	তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড (°C))		আলো (ঘন্টা)
	গরমের সময়	শীতের সময়	
১	৩৫	৩৫	২৪
২	৩২	৩২	
৩	দিনের স্বাভাবিক তাপমাত্রা	২৯	২৩
৪	দিনের স্বাভাবিক তাপমাত্রা	২৭	২৩
৫-৮	দিনের স্বাভাবিক তাপমাত্রা	২৪	২৩

\* রাতে ১-২ ঘন্টা অন্ধকার রাখতে হবে, যাতে বাচ্চাগুলি অন্ধকারের সাথে পরিচিত হয় এবং বিদ্যুৎ না থাকার কারণে অন্ধকারে বাচ্চাগুলি ভয় না পায়।

### ৩. কালার ব্রয়লারের খাদ্যের রেশন এবং খাদ্যের উৎস

৩.১ খাদ্যে পুষ্টির পরিমাণ কালার ব্রয়লারের বয়সের উপর নির্ভর করে। কালার ব্রয়লার মুরগির বিভিন্ন বয়সে প্রয়োজনীয় পুষ্টির তালিকা সারণি-২ এ দেওয়া হল-

#### সারণি-২ঃ

পুষ্টির পরিমাণ	স্টার্টার (০-৩ সপ্তাহ)	ক্রোয়ার (৩-৫ সপ্তাহ)	ফিনিশার (৬-৭ সপ্তাহ)
মেটাবোলাইজেশন শক্তি (কি.ক্যালরি/কেজি)	৩০০০-৩১০০	৩২০০	৩২০০
আমিষ (%)	২৩	২০	১৮
লাইসিন (%)	১.৮	১.০	০.৮৫
মিথিওনিন (%)	০.৫০	০.৩৮	০.৩২
মিথিওনিন+সিসটিন (%)	০.৯০	০.৭২	০.৬২
ট্রিপটোফেন (%)	০.২০	০.১৮	০.১৮
থ্রিওনিন (%)	০.৮০	০.৭৪	০.৬৮
আরজিনিন (%)	১.২৫	১.১০	১.০০
ক্যালসিয়াম (%)	১.০০	০.৯০	০.৮০
ফসফরাস (%)	০.৪৫	০.৩৫	০.৩০